



## ফ্যাসিজমের ছায়া এখনো কাটেনি: জামায়াত আমির



সংগৃহীত ছবি

তিনি অভিযোগ করেন, অতীতে যে গোষ্ঠী রাষ্ট্রীয় ক্ষমতা ব্যবহার করে লুটপাট ও চাঁদাবাজি করেছে, তাদের পতনের পর নতুন শক্তিও একই আচরণে লিপ্ত হয়েছে। স্বাধীনতার পাঁচ দশকের বেশি সময় পার হলেও দেশের সাধারণ মানুষ এখনো ন্যায় ও মর্যাদার সমাজ পায়নি— কারণ ক্ষমতাসীনদের অপব্যবহার, সম্পদ পাচার ও বিদেশে বিলাসবহুল আশ্রয় গড়ে তোলার প্রবণতা থামেনি।

ডা. রহমান বলেন, রাজনৈতিক দমন-পীড়ন, বিরোধী নেতাদের জেল-নির্যাতন, আলেমদের ওপর অত্যাচার—এসব পুরোনো সংস্কৃতি এখনো পরিবর্তিত হয়নি। দেশবাসী আশা করেছিল নতুন ধারার রাজনীতি শুরু হবে, কিন্তু পুরোনো ধারা থেকে অনেকেই বের হতে পারছে না।

বিএনপিকে পরোক্ষভাবে সমালোচনা করে তিনি বলেন, জনগণ তাদের ব্যর্থতার কারণে ‘লাল কার্ড’ দেখাতে প্রস্তুত। যদি কেউ আগামীর নির্বাচন ভণ্ডুল করার চেষ্টা করে বা প্রশাসনিক কারসাজিতে নির্বাচনের ফল দখল করতে চায়, জনগণ তা প্রতিহত করবে।

তিনি আরও বলেন, “অতীতের অন্ধকার রাজনীতির সূর্য অস্ত গেছে। এখন পরিবর্তনের নতুন সূর্যোদয় ঘটবে। জোটের বাইরে থাকা ইসলামি দলগুলোকে উদ্দেশ্য করে তিনি বলেন, নিজেদের বিভক্তি দূর করে ঐক্যের মঞ্চে ফিরে আসাই সময়ের দাবি। “এই ঘরই আপনাদের ঘর; আসুন, আমরা সবাই মিলে নতুন পথ শুরু করি।”